গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৯.৫০১.১৭.০০৩.১৮.৫২

তারিখ: ০২/০৩/২০২২ খ্রি.

## সভার নোটিশ

বিষয়: নৈতিকতা কমিটির সভা আহ্বান

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি ও বাস্তবায়নের নিমিত্তে করণীয় বিষয়ে অত্র দপ্তরের নৈতিকতা কমিটির সভা আগামী ০৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহঃবার বেলা ০৩:৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষে আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় আপনার উপর অর্পিত দায়িত্বের বিবরণীসহ যথাসময়ে উপস্থিত থাকার জন অনুরোধ করা হলো।

২/৩/22

(শাকিলা জাহান)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা

প্রাপক: ...............................

সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, পাবনা

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৯.৫০১.১৭.০০৩.১৮.৫২-(১/০২)

তারিখ: ০২/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:
০১. জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা
০২. দপ্তর নথি

২/৩/22

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা

পরিশিষ্ট "ক"

## সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ঈশ্বরদী, পাবনা এর মার্চ/২২ খ্রিঃ মাসের নৈতিকতা কমিটির সভায় উপস্থিতি হাজিরা

স্থান: সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ঈশ্বরদী, পাবনা তারিখ: ০৩/০৩/২০২২ খ্রি: সময়: বেলা ০৩:৩০ ঘটিকা

| ক্রঃ নং | নাম ও পদবী | টিমে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব শাকিলা জাহান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ঈশ্বরদী, পাবনা | সভাপতি | |
| ০২. | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | সদস্য | |
| ০৩. | জনাব মোঃ ইমরান হোসেন<br>ক্ষেত্র সহকারী (ইউনিয়ন প্রকল্প) | সদস্য | |
| ০৪. | জনাব মোঃ তৌহিদুল ইসলাম<br>ক্ষেত্র সহকারী (এন.এ.টি.পি.-২) | সদস্য | |
| ০৫. | জনাব মোঃ রবিউল ইসলাম<br>অফিস সহায়ক | সদস্য | |
| ০৬. | জনাব মোসাঃ জাকিয়া সুলতানা<br>সম্প্রসারণ কর্মকর্তা (এন.এ.টি.পি-২) | সদস্য সচিব | |

## সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ঈশ্বরদী, পাবনা এর মার্চ/২২ খ্রিঃ মাসের (৩য় ত্রৈমাসিক) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

**স্থান:** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ, ঈশ্বরদী, পাবনা

**তারিখ:** ০৩/০৩/২০২২ খ্রিঃ

সময়: ০৩:৩০ ঘটিকা

**সভাপতি:** জনাব শাকিলা জাহান
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ঈশ্বরদী, পাবনা

**সভায় উপস্থিতি স্বাক্ষর (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্য বিষয়-০১: মৎস্য খাদ্য ও খাদ্য উপকরণ লাইসেন্স/নবায়ন**

**আলোচনা:** সভায় সদস্য সচিব জানান যে, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অত্র উপজেলায় ০৫(পাঁচ)টি মৎস্য খাদ্য ও খাদ্য উপকরণ সংক্রান্ত লাইসেন্স নবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরীতে (খাদ্য উৎপাদন ও পাইকারী বিক্রেতা প্রতিষ্ঠান) মোট ০৫(পাঁচ) টি প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন করা হয়েছে। সভায় মৎস্য খাদ্য আইন ও বিধিমালা অনুযায়ী বিভিন্ন খাদ্য উৎপাদন/বিক্রেতা প্রতিষ্ঠান পরিদর্শনের সময় লক্ষ্যনীয় ও করণীয় বিষয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও সভায় এপিএ চুক্তির আওতায় বিভিন্ন প্যারামিটারের লক্ষ্যমাত্রা অর্জনে করনীয় বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে মৎস্য খাদ্য আইন ও বিধিমালা অনুযায়ী বিভিন্ন খাদ্য উৎপাদন/বিক্রয় প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন জেলা মৎস্য কর্মকর্তা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও খাদ্য উপকরণসমূহ ল্যাবরেটরীতে পরীক্ষাপূর্বক প্রাপ্ত ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যসমাপ্তি ঘোষণা করেন।

(শাকিলা জাহান)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ঈশ্বরদী, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৯.৫০১.১৭.০০৩.১৮.৫৪

তারিখ: ০৩/০৩/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২. জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা
০৩. দপ্তর নথি

০৩/০৩/২২
(মোসাঃ জাকিয়া সুলতানা)
সম্প্রসারণ কর্মকর্তা (এন.এ.টি.পি ২)
ঈশ্বরদী, পাবনা